2025/FYUG/ODD/SEM/
BNGDSC–202T/024

FYUG Odd Semester Exam., 2025

# BENGALI

**( 3rd Semester )**

Course No. : BNGDSC–202T

( উনিশ শতকের বাংলা সাহিত্য )

*পূর্ণমান : ৭০*
*উত্তীর্ণমান : ২৮*

*সময় : ৩ ঘণ্টা*

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

LearnFO

## UNIT—I

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'সীতার বনবাস' গ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়? গ্রন্থটির পরিচ্ছেদ সংখ্যা কত?

(খ) কে সীতাকে চিত্রপট দর্শন করিয়েছিলেন? চিত্রপট দেখার পর সীতা কোথায় যাওয়ার ইচ্ছে প্রকাশ করেছিলেন?

(গ) কত সালে এবং কোথা থেকে 'সীতার বনবাস' প্রথম গ্রন্থাকারে প্রকাশিত হয়?

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) রাম চরিত্র সৃষ্টিতে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের যে মৌলিকতার পরিচয় পাওয়া যায় তা তোমার পঠিত 'সীতার বনবাস' গ্রন্থ অবলম্বনে আলোচনা করো।

(খ) 'সীতার বনবাস' গ্রন্থ অবলম্বনে বিদ্যাসাগরের গদ্যরীতি সম্পর্কে আলোচনা করো।

## UNIT—II

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) প্যারীচাঁদ মিত্রের জন্ম ও মৃত্যু সাল লেখো।

(খ) 'আলালী ভাষা' বলতে কী বোঝো?

(গ) ঠকচাচার মূল নাম কী? মতিলালের পিতার নাম লেখো।

৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'আলালের ঘরের দুলাল' গ্রন্থের ঠকচাচা চরিত্রটি আলোচনা করো।

(খ) 'আলালের ঘরের দুলাল' গ্রন্থ অবলম্বনে কলকাতার তৎকালীন সমাজজীবনের পরিচয় দাও।

## UNIT—III

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'হুতুম প্যাঁচার নকশা'র প্রথম ভাগ কবে প্রকাশিত হয়? হুতুম প্যাঁচা কে?





(খ) বারোইয়ারী পূজার অধ্যক্ষ ও তার সহকারীর নাম কী?

(গ) ভূত নাবানোর আসর কোথায় বসেছিল? ভূতের জন্য তৈরি করা খাবারের মধ্যে কী মেশানো হয়েছিল?

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'হুতুম প্যাঁচার নকশা' গ্রন্থ অবলম্বনে তৎকালীন কলকাতার বারোইয়ারী পূজার পরিচয় দাও।

(খ) নকশা হিসেবে 'হুতুম প্যাঁচার নকশা' গ্রন্থটির সার্থকতা আলোচনা করো।

## UNIT—IV

৭। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'বিষবৃক্ষ' ছাড়া বঙ্কিমচন্দ্রের অন্য দুটি সামাজিক উপন্যাসের নাম লেখো।

(খ) 'বিষবৃক্ষ' উপন্যাস গ্রন্থাকারে কবে প্রথম প্রকাশিত হয়? উপন্যাসটির পরিচ্ছেদ সংখ্যা কত?

(গ) "আমার উপর রাগ করিও না—আমি অধঃপাতে যাইতেছি।" উক্তিটি কে, কাকে করেছিল?

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'বিষবৃক্ষ' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।

(খ) 'বিষবৃক্ষ' উপন্যাসের সূর্যমুখী চরিত্রটি আলোচনা করো।



LearnFO

UNIT—V

৯। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'জীবিত ও মৃত' গল্পটি কত সালে, কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?

(খ) কোন্ কাব্যের, কোন্ কবিতায় রবীন্দ্রনাথ ছোটগল্পের সংজ্ঞা উল্লেখ করেছিলেন?

(গ) 'মধ্যবর্তিনী' গল্পের মধ্যবর্তিনীটি কে? কার সঙ্গে তার বিয়ে হয়েছিল?

১০। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) বদ্ধ নাগরিক পরিবেশে ও যান্ত্রিক আবহে একটি পল্লি-বালকের কীরূপ শোচনীয় অবস্থা হয়েছিল তা 'ছুটি' গল্প অনুসরণে আলোচনা করো।

(খ) 'সুভা' গল্পে নির্বাক সুভার অশ্রুসিক্ত জীবন-যন্ত্রণার যে ছবি ফুটে উঠেছে তা নিজের ভাষায় বর্ণনা করো।

★★★

LearnFO